



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

ইউ ও নোট- ১৩.০১.০০০০.১৪০.৪৮.২৪৩.২৩.৪২৮

তারিখঃ ০২/১০/২০২৩ খ্রি।

দরপত্রদাতা প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণের জন্য নবায়ন ফি জমাদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত দরপত্রদাতা প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ১৬/০৮/২০২৩ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ ৬১টি ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যবসায়িক ব্যস্ততা, অসুস্থতা এবং দেশের বাইরে অবস্থান করাসহ বিভিন্ন কারন উল্লেখপূর্বক লাইসেন্স নবায়ন ফি জমা গ্রহণের জন্য আবেদন করে যা মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে PPR-2008 এর তফসিল-২ বিধি-৫২ উপবিধি ৩(ঙ) অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের হালনাগাদ/তালিকাভুক্তি নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ ৬১টি ঠিকাদারী প্রতিষ্ঠানের নবায়ন ফি জমাদানের মেয়াদ আগামী ১৫/১০/২০২৩ খ্রি. তারিখ হতে ৩১/১০/২০২৩ খ্রি. পর্যন্ত নির্ধারণ করা হলো। সে মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের হালনাগাদ তালিকাভুক্তি নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ ৬১টি ঠিকাদারী প্রতিষ্ঠানের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত মাত্র) টাকা আগামী ৩১/১০/২০২৩ খ্রি: তারিখ নিম্নবর্ণিত শর্তে অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং- ৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। শর্তসমূহ নিম্নরূপ:

- যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান পর পর ০২ (দুই) অর্থ বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন তারাও প্রতি অর্থ বছরের জন্য ১০০০/- (এক হাজার) টাকা জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন। তবে ৩১/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে জরিমানাসহ নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ হলে অত্র দপ্তরে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- ২০২৩-২৪ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স, IT এবং Vat-সহ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি তালিকা সংরক্ষণের আবেদনের সাথে জমা দিতে হবে।
- হালনাগাদ সংরক্ষিত দরপত্রদাতাগণ খাদ্য অধিদপ্তরাদীর্ঘ আঞ্চলিক কার্যালয় হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM)'র আওতায় দরপত্রেও অংশগ্রহণ করতে পারবে।

মো: আবু বকর সিদ্দিকী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)
ফোন: ০২- ৪১০৫০৭২৫

ই-মেইল ee.mu@dgfood.gov.bd

তারিখঃ ১০/২০২৩ খ্রি।

ইউ ও নোট- ১৩.০১.০০০০.১৪০.৪৮.২৪৩.২৩.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মহাপরিচালক (শ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল),

৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৮। অফিস কপি।

১২/১০/২০২৩
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)

ফোন: ০২- ৪১০৫০৭২৫

ই-মেইল ee.mu@dgfood.gov.bd